বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/ ১৪৬৭(২০) তারিখঃ ২১-০৬-২০১৭

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বৈদেশিক রেমিট্যান্স বিতরণ সংশ্লিষ্ট শাখাসমুহ আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে আগামী ২৪ জুন, ২০১৭ তারিখ শনিবার খোলা রাখা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন হতে ০৬ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/ ২০ জুন, ২০১৭ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৭ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটার এর নির্দেশনার প্রেক্ষিতে বৈদেশিক রেমিট্যান্স বিতরণ শংশ্লিষ্ট আপনাদের বিভাগাধীন শাখাসমুহ আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে ২৪ জুন ২০১৭ তারিখ শনিবার পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক খোলা রাখার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যাংকের অন-লাইনভূক্ত শাখাসমূহে ট্রানজাকশন নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস বিভাগের সংশিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী আগামী ২৪ জুন, ২০১৭ তারিখ অফিসে উপস্থিত থাকবেন।

০৩। উল্লেখ্য, ২৪ জুন, ২০১৭ তারিখ ছুটির দিন হওয়ায় ঐদিন অফিসের কাজে উপস্থিত থাকার জন্য অত্র বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক জন প্রতি কর্মকর্তাগণকে ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণকে ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রদান করা যাবে। তবে উক্ত তারিখে অফিসে উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণ কোন যাতায়াত/মধ্যাহ্ন ভোজন ভাতা প্রাপ্য হবেন না।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,

অনুমোদনক্রমে-

সংযুক্তি ঃ বর্ণনামতে।

২২.০৬.১৭
(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৬-২০১৭/ ১৪৬৭(২০) তারিখঃ ২১-০৬-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ/ফরেন রেমিটেন্স ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।

22/06/17
(মোঃ আবুল কালাম ভূঁইয়া)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Bank Holiday

# বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-১৭

তারিখঃ ০৬ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
২০ জুন, ২০১৭ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**বৈদেশিক রেমিট্যান্স বিতরণ সংশ্লিষ্ট শাখাসমূহ আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে আগামী ২৪ জুন, ২০১৭ তারিখ শনিবার খোলা রাখা প্রসঙ্গে**

দেশের অর্থনৈতিক চালিকা শক্তির অন্যতম উপাদান হিসেবে বিবেচিত বৈদেশিক রেমিট্যান্স প্রবাহ স্বাভাবিক রাখা এবং আসন্ন ঈদ-উল-ফিতরের পূর্বে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স বিতরণের উদ্দেশ্যে আগামী ২৪ জুন, ২০১৭ তারিখ শনিবার পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরতঃ বৈদেশিক রেমিট্যান্স সুবিধাভোগী গ্রাহকের সংখ্যা ও রেমিট্যান্সের পরিমাণের ভিত্তিতে স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রেখে শুধুমাত্র নগদ অর্থ জমা ও উত্তোলন এবং বৈদেশিক রেমিট্যান্স বিতরণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(বিন্দু ভূষণ বসাক)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৬১৮